



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০২৯.১১০

তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)' পদে ৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত ও নিয়োগপ্রাপ্ত 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)' পদে ৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারীদের এমপিওভুক্তির জটিলতা নিরসনকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৭৭৭/২০১৬ ও ৯৭৯০/২০১৬ এর ২৭.০৭.২০১৭ তারিখের আদেশ এবং আপিলেট বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নম্বর ১৬৯-১৭০/২০১৮ এর ২৫.১১.২০১৮ তারিখের আদেশের আলোকে ০৬ মাস মেয়াদি কম্পিউটার কোর্সের সনদধারী ও এনটিআরসিএ'র নিবন্ধনধারী 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)' পদে এনটিআরসিএ কর্তৃক ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখে সুপারিশপ্রাপ্তরা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো-২০১৮ এর শূন্যপদে এমপিওভুক্ত হবেন। 'সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)' পদে এনটিআরসিএ কর্তৃক ১ম নিয়োগ চক্রের (শুধুমাত্র ১০.০১.২০১৯ তারিখ এবং ২৮.০৫.২০১৯ তারিখ) পরবর্তী নিয়োগগুলোর ক্ষেত্রে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ প্রযোজ্য হবে।"

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১১.৯ অনুচ্ছেদ অনুযায়ী তাঁরা পূর্বের কোনো বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। সংশ্লিষ্ট শিক্ষকের একাডেমিক সনদ, নিবন্ধন সার্টিফিকেট ও এনটিআরসিএ'র সুপারিশ যথাযথ থাকলে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো-২০১৮ এর শূন্যপদে কর্মরত থাকলে তাঁদের এমপিওভুক্তি অনলাইনে আবেদনের তারিখ থেকে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬/০৭/২০২০
(মোমিনুর রশিদ আমিন)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৪০৯০৮

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন ঢাকা।
- ৩। চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। কমিশনার, বিভাগ (সকল)।
- ৮। জেলা প্রশাসক, জেলা (সকল)।
- ৯। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,(সকল)।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
- ১৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগ (সকল)।
- ১৯। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)।
- ২০। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ২১। জেলা হিসাব রক্ষণ অফিসার..... (সকল)।
- ২২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার..... (সকল)।
- ২৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার..... (সকল)।
- ২৪। অফিস নথি।